



প্রকল্প অনুমোদনে জটিলতা কমানোর নির্দেশ প্রধানমন্ত্রীর



সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশি ও বিদেশি বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে প্রকল্প অনুমোদনের প্রক্রিয়া আরও সহজ ও কার্যকর করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে প্রশাসনিক জটিলতা কমানোর ওপর তিনি গুরুত্বারোপ করেন।

সোমবার বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ নির্দেশনা দেন তিনি। প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং বিষয়টি নিশ্চিত করেছে। সভায় সংশ্লিষ্ট খাতের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয় এবং চলমান চ্যালেঞ্জগুলো তুলে ধরা হয়।

সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত বৈঠকে মন্ত্রণালয়ের অধীন বন্ধ হয়ে থাকা কল-কারখানাগুলোর বর্তমান অবস্থা এবং সেগুলো পুনরায় চালুর সম্ভাবনা নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। সকাল সাড়ে ১০টা থেকে শুরু হয়ে প্রায় দুই ঘণ্টা ধরে চলা এ বৈঠকে বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রেস উইং জানায়, বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, বিনিয়োগের জন্য সহায়ক পরিবেশ গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এ লক্ষ্যে বিদ্যমান জটিলতা দূর করে প্রক্রিয়াকে আরও সহজ ও সময়োপযোগী করা প্রয়োজন।